গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
মাগুরা
www.magura.gov.bd

**ফেব্রুয়ারি/২০২৩ মাসের জেলা আইসিটি কমিটি সভার কার্যবিবরনী**

| | |
|---|---|
| সভাপতি | মোহাম্মদ আবু নাসের বেগ<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ২৩.০২.২০২৩ খ্রিস্টাব্দ |
| সভার সময় | বেলা ১২.০০ টা |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সদস্যগণ জেলা আইসিটি সভায় তাদের গৃহীত কার্যক্রমসমূহ সভায় উপস্থাপন করেন এবং আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১.পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ:সভাপতির সম্মতিক্রমে প্রোগ্রামার,মাগুরা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। | ১. কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ হয়। | |
| ২. ডিজিটাল কনটেন্ট: ডিজিটাল কনটেন্ট উপস্থাপনের বিষয়ে আলোচনা করা হয়। ইতোমধ্যে মাগুরা জেলার মাধ্যমিক পর্যায়ে ২৭৭ টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ১৯৮ টি শিক্ষা প্রতিষ্ঠান নিবন্ধিত হয়েছে। অবশিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের এম এম সি তে নিবন্ধনের বিষয়ে আলোচনা হয়। | ২.১. নিয়মিত অনলাইনে ক্লাশ পরিচালনা ও অনলাইন এমএসসি সিস্টেমে তথ্য আপলোডের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২.২। অনলাইনের ডিজিটাল কনটেন্ট ব্যবহারের ক্ষেত্রে মানসম্মত কনটেন্ট ব্যবহার করতে হবে।<br>২.৩। সকল শিক্ষা প্রতিষ্ঠান কে আবশ্যিকভাবে এম এম সি তে নিবন্ধন এর উদ্যেগ গ্রহণ করতে হবে।<br>২.৪। এম এম সি তে নিবন্ধিত নয় এমন শিক্ষা প্রতিষ্ঠান এর নিবন্ধন এর বিষয়ে ব্যবস্থা নেওয়ার জন্য জেলা শিক্ষা অফিসার ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার কে পত্র প্রেরণ করতে হবে। | জেলা শিক্ষা অফিসার,<br>জেলা প্রাথমিক শিক্ষা অফিসার,<br>স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান। |

| | | |
|---|---|---|
| ৩. ই-নথি কার্যক্রম: মাগুরা জেলার জেলা পর্যায়ের ৩৯ টি দপ্তর নথি সিস্টেমে লাইভে আছে। জেলা/উপজেলা পর্যায়ের সকল দপ্তরকে লাইভে নিয়ে আসা ও সকল দপ্তরের কর্মকর্তা কর্মচারীদের প্রশিক্ষণ বিষয়ে আলোচনা করা হয়। | ৩.১। জেলা ও উপজেলা পর্যায়ে নথি সিস্টেমের সর্বাধিক ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>৩.২। যে সকল দপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রয়োজন স্ব স্ব দপ্তর প্রধান তাদের তালিকা প্রোগ্রামার, মাগুরা অথবা আইসিটি শাখায় প্রেরণ করবেন।<br>৩.৩। অবশিষ্ট অফিসের অনুরোধক্রমে নথি সিস্টেমের লাইভে দেওয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩.৪। ই-নথি/ডি-নথি বিষয়ক যে কোন সমস্যায় সহযোগিতা প্রদান করতে হবে।<br>৩.৫। আগামী সভায় যে সকল দপ্তর নথি সিস্টেমের লাইভে আছে সে সকল দপ্তরের তালিকা উপস্থাপন করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), উপজেলা নির্বাহী অফিসার (সকল), প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার (সকল) ও সকল দপ্তর পধান। |
| ৪। ওয়েব পোর্টাল: ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে বিশ্বের বৃহত্তম সরকারি ওয়েব পোর্টাল একটি গুরুত্বপূর্ণ সংযোজন। এই পোর্টালের মাধ্যমে সরকারের যেকোন কর্মকান্ডের অগ্রগতি ও উন্নতিসহ পরিবর্তনের সকল তথ্য জনগণ জানতে পারে। জেলা, উপজেলা ও ইউনিয়ন এর ওয়েব পোর্টালে প্রবেশ করলে দেখা যায় বিভিন্ন দপ্তর তাদের তথ্য নিয়মিত এবং যথাসময়ে হালনাগাদ করে না।এর ফলে সঠিক তথ্যের অভাবে সেবা প্রার্থী সেবা থেকে বঞ্চিত হয়। তাই সকল প্রতিষ্ঠান তাদের প্রয়োজনীয় সকল তথ্য যথাসময়ে ওয়েব পোর্টালে আপলোড ও হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়।<br>মাগুরা জেলার যে সকল দপ্তরের ওয়েব পোর্টাল তথ্য সমৃদ্ধ নয় এমন দশটি দপ্তরের ওয়েব পোর্টাল নিম্নরুপঃ<br>০১। পাট অধিদপ্তর,মাগুরা<br>০২।মাগুরা প্রধান ডাকঘর<br>০৩।বি আর টি এ, মাগুরা<br>০৪।সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র<br>০৫। জীবন বীমা কর্পোরেশন,মাগুরা<br>০৬। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়<br>০৭।উপকর কমিশনারের কার্যালয়<br>০৮।জেলা রেজিঃ এর কার্যালয়<br>০৯।সহকারী সেটেল্টমেন্ট অফিসারের কার্যালয়<br>১০। প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র,মাগুরা | ৪.১। জেলা, উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টালে সংযোজিত দপ্তরসমূহের সকল অসম্পূর্ণ তথ্য আপলোড করাসহ নিয়মিত হালনাগাদ করতে হবে।<br>৪.২। তথ্য বাতায়ন হালনাগাদ নেই উল্লিখিত ১০ টি করে দপ্তরকে স্বউদ্যোগে জাতীয় তথ্য বাতায়ন বিষয়ক প্রশিক্ষণ এর ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং পরবর্তী সভায় এ বিষয়ে হালনাগাদ তথ্য প্রদান করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (আইসিটি), প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার,মাগুরা, স্ব স্ব দপ্তর প্রধান। |

| | | |
|---|---|---|
| ৫। শেখ রাসেল ডিজিটাল ল্যাবঃ প্রোগ্রামার, মাগুরা পূর্বে স্থাপিত ৩৮ টি নতুন স্থাপিত ৩৩ টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব এবং ০২ টি স্কুল অফ ভিউচারের বর্তমান অবস্থা বিস্তারিত তুলে ধরেন। শেখ রাসেল ডিজিটাল কম্পিউটার ল্যাব ও শেখ রাসেল স্কুল অফ ফিউচার কে সর্বোত্তম ব্যবহারের বিষয়ে আলোচনা করা হয়। | ৫.১। নিয়মিতভাবে ল্যাবগুলো পরিদর্শন ও ল্যাবগুলো অধিকতর কার্যকর করতে হবে।<br>৫.২।শিক্ষা মন্ত্রনালয় ল্যাব নীতিমালা ও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর নির্দেশনা অনুযায়ী ল্যাব পরিচালনা করতে হবে।<br>৫.৩। ল্যাবকে অধিকতর কার্যকর করার লক্ষ্যে ল্যাবে ক্লাশ গ্রহণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) ,<br>জেলা শিক্ষা অফিসার,<br>জেলা প্রাথমিক শিক্ষা অফিসার,<br>প্রোগ্রামার,<br>সহকারী প্রোগ্রামার,<br>প্রধান শিক্ষক, শেখ রাসেল ডিজিটাল ল্যাব । |
| ৬। শেখ কামাল আইটি ইনকিউবেশন সেন্টার:<br>শেখ কামাল আইটি ইনকিউবেশন সেন্টার, মাগুরার অবকাঠামোসহ অন্যান্য কার্যক্রম নিয়ে আলোচনা করা হয়। | ৬.১। সকল কার্যক্রম নিয়মানুযায়ী পরিচালনাসহ জেলা প্রশাসক, মাগুরা মহোদয়কে হালনাগাদ তথ্য প্রদান করতে হবে। | সহকারী প্রোগ্রামার, শেখ কামাল আইটি ইনকিউবেশন সেন্টার |
| ০৭।সুরক্ষা APPs সংক্রান্ত:জেলা প্রশাসক, মাগুরা মহোদয় কোভিড-১৯ টিকার নিবন্ধনের জন্য আইসিটি বিভাগ কতৃক তৈরীকৃত "সুরক্ষা" Apps/ ওয়েবসাইট (www.surrukkha.gov.bd) ব্যবহার করে নিবন্ধন করার ব্যাপারে নির্দেশনা প্রদান করেন।<br>এছাড়া টিকা গ্রহণকারী ব্যক্তিদের সার্ভারে বিদ্যমান থাকা ভূল তথ্য উপযুক্ত প্রমাণক থাকা শর্তে সংশোধন করা বিষয়ে আলোচনা করা হয়। | ৭.১। কোভিড -১৯ টিকার নিবন্ধনের জন্য"সুরক্ষা" apps/ ওয়েব সাইট (www.surrukkha.gov.bd) ব্যবহার করতে হবে।<br>৭.২।টিকা গ্রহণকারী ব্যক্তিদের প্রমাণক জমা প্রদান শর্তে ভুলথাকা তথ্য সংশোধন করতে হবে। | প্রোগ্রামার, মাগুরা ,<br>স্ব স্ব দপ্তর/ সংস্থা প্রধান/ |
| ৮।বিবিধ: ইউনিয়ন ডিজিটাল সেন্টারের বর্তমান অবস্থা ও আইসিটির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে জনসচেতনতা বৃদ্ধি বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া সকল সদস্য কে নিয়মিত জেলা আইসিটি কমিটির মাসিক সমন্বয় সভায় যথাসময়ে উপস্থিত থাকার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। | ৮.১।ইউনিয়ন ডিজিটাল সেন্টারের আয় বৃদ্ধির জন্য সহযোগিতা করতে হবে।<br>৮.২। ইউনিয়ন ডিজিটাল সেন্টার থেকে সম্মানিত নাগরিকগণ যাতে সঠিক সেবা সঠিক মূল্যে ও সঠিক সময়ে পায় সে ব্যাপারে মনিটরিং করতে হবে।<br>৮.৩।জেলা ও উপজেলা পর্যায়ে আইসিটির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি),<br>উপজেলা নির্বাহী অফিসার (সকল),<br>প্রোগ্রামার, মাগুরা। |

সভায় আর কোন আলোচনা না থাকায় আইসিটি বিষয়ক সরকারি সিদ্ধান্ত বাস্তবায়নে সকলকে আরো তৎপর হওয়ার আহ্বান জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


০৬-০৩-২০২৩
মোহাম্মদ আবু নাসের বেগ
জেলা প্রশাসক
০১৭২০২২২৫১৮
dcmagura@mopa.gov.bd

তারিখ: ২১ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
০৬ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৫৬.০৪.৫৫০০.০০০.০৬.০০১.২০.১৩

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় সংসদ সদস্য, মাগুরা -০১;
২। মাননীয় সংসদ সদস্য, মাগুরা -০২;
৩। মহাপরিচালক, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর;
৪। বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা;
৫। পুলিশ সুপার, মাগুরা;
৬। সিভিল সার্জন, মাগুরা;
৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মাগুরা;
৮। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা;
৯। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ,মাগুরা;
১০। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), মাগুরা;
১১। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মাগুরা;
১২। অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, মাগুরা;
১৩। উপপরিচালক, জেলা সমাজসেবা অধিদপ্তর, মাগুরা;
১৪। জেলা মৎস্য কর্মকর্তা, মাগুরা;
১৫। জেলা শিক্ষা কর্মকর্তা, মাগুরা;
১৬। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, মাগুরা;
১৭। জনাব মোঃ রুহুল আমিন, সহযোগী অধ্যাপক, পদার্থ বিঃ, সরকারী হোসেন শহীদ সোহারাওয়ার্দী কলেজ, মাগুরা;
১৮। প্রধান শিক্ষক, সরকারী বালক উচ্চ বিদ্যালয়, মাগুরা;
১৯। সহকারী কমিশনার (নেজারত শাখা), জেলা প্রশাসকের কার্যালয়,মাগুরা;
২০। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়,মাগুরা;
২১। প্রভাষক (আইসিটি), সরকারী মহিল কলেজ, মাগুরা;
২২। সহকারী প্রোগ্রামার, মাগুরা সদর;
২৩। সহকারী প্রোগ্রামার, শ্রীপুর, মাগুরা;
২৪। সহকারী প্রোগ্রামার, মহাম্মদপুর,মাগুরা;
২৫। সহকারী প্রোগ্রামার, শালিখা, মাগুরা;
২৬। সহকারী প্রোগ্রামার, শেখ কামাল আইটি ইনকিউবেশন সেন্টার, মাগুরা;
২৭। সহকারী প্রোগ্রামার, জেলা শিক্ষা অফিস, মাগুরা;
২৮। জনাব বাসুদেব কুন্ডু, সহ সভাপতি, জেলা আওয়ামী লীগ, মাগুরা;
২৯। সহকারী ম্যানেজার, টেলিকম, বিটিসিএল, মাগুরা;
৩০। জনাব মোঃ ফজলুর রহমান, আহবায়ক, জেলা যুবলীগ, মাগুরা;
৩১। জনাব উজ্জ্বল দত্ত, পরিচালক স্টার নেট ও স্টার ক্যাবলস নেটওয়ার্ক, মাগুরা;
৩২। জনাব মানবেন্দ্র ভৌমিক, ধানসিড়ি কম্পিউটার, মাগুরা এবং
৩৩। জেলা প্রশাসক, মহোদয়ের গোপনীয় সহকারী (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৭-০৩-২০২৩
মোঃ আবুল কাসেম
প্রোগ্রামার